চা লাইসেন্স ইস্যু/নবায়ন সংক্রান্ত তথ্যাদি

প্রশ্ন-০১। চা ব্যবসায়ের জন্য চা বোর্ড থেকে কোন কোন ধরণের লাইসেন্স প্রদান করা হয়?

উত্তর: বাংলাদেশ চা বোর্ড থেকে চা ব্যবসায়ের জন্য লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। চা বোর্ড থেকে চা ব্যবসায়ের জন্য পর্যায়ক্রমে নিম্নোক্ত ০৩ ধরণের লাইসেন্স প্রদান করা হয় যথা:

ক) খুচরা-পাইকারী লাইসেন্স

খ) বিডার লাইসেন্স এবং

গ) ব্লেন্ডার লাইসেন্স

এছাড়া নিলাম কেন্দ্রে চা বিক্রয়ের জন্য কেউ ব্রোকার হাউজ প্রতিষ্ঠা করতে চাইলে চা বোর্ড থেকে ব্রোকার লাইসেন্স গ্রহণ করতে হবে। বর্তমানে চট্টগ্রাম ১টি এবং শ্রীমঙ্গালে ১টি অর্থাৎ মোট ২টি চা নিলাম কেন্দ্র রয়েছে। বাংলাদেশ চা বোর্ডের "অনলাইন টি লাইসেন্সিং সিস্টেম" এর সেবা গ্রহণের মাধ্যমে এখন ঘরে বসে অনলাইনে আবেদন করে চা ব্যবসায়ের লাইসেন্স পাওয়া যায়।

প্রশ্ন-০২। কেন খুচরা-পাইকারী লাইসেন্স প্রয়োজন? মুদি দোকানে বা কমিশনে চা বিক্রয়ের ক্ষেত্রে কি ধরণের লাইসেন্স প্রয়োজন?

উত্তর: সাধারণত হাট-বাজার/শপিংমল/দোকানপাট/অনলাইনে খুচরা ভিত্তিতে যারা শুধুমাত্র চা বিক্রয় করে থাকেন তাদেরকে খুচরা-পাইকারী চা লাইসেন্স গ্রহণ করতে হয়। খুচরা-পাইকারী লাইসেন্সধারী চা ব্যবসায়ী চা বোর্ডের নিবন্ধিত বিডার ও ব্লেন্ডার লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান থেকে প্যাকেটজাতকৃত চা ক্রয়পূর্বক বাজারে বিক্রয় (কমিশনের ভিত্তিতে) করতে পারবেন। কিন্তু নিজের নামে/প্রতিষ্ঠানের নামে/ব্র্যান্ডের নাম প্যাকেটের গায়ে ব্যবহার করা যাবে না। নিজস্ব ব্র্যান্ডে চা প্যাকেট করে বিক্রয়ের জন্য চা বোর্ড থেকে ব্লেন্ডার লাইসেন্স গ্রহণ করতে হবে।

প্রশ্ন-০৩। বিডার লাইসেন্স কেন প্রয়োজন?

উত্তর: সরাসরি নিলাম কেন্দ্র থেকে চা ক্রয় করার জন্য চা বোর্ড হতে বিডার লাইসেন্স গ্রহণ করতে হবে।

প্রশ্ন-০৪। নিলাম থেকে সরাসরি চা ক্রয় করতে কি করতে হবে?

উত্তর: নিলাম কেন্দ্র থেকে সরাসরি বিড করে চা ক্রয় করতে হলে প্রথমে বিডার লাইসেন্স গ্রহণ করতে হবে। বিডার লাইসেন্স প্রাপ্তির পর চট্টগ্রামের চা ব্যবসায়ী সমিতি Tea Traders Association of Bangladesh (TTAB) বা শ্রীমঙ্গালস্থ Tea Planters and Traders Association of Bangladesh (TPTAB) এর মেম্বার হতে হবে। সদস্যপদ অর্জনের জন্য ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট সনদ, ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ, মেমোরেন্ডাম (কোম্পানির ক্ষেত্রে), চুক্তিপত্র (অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে), ছবি, জাতীয় পরিচয়পত্র এবং চা বোর্ড এর বিডার লাইসেন্স প্রয়োজন হয়।

০১. TTAB থেকে সাধারণত ২ ধরনের সদস্যপদ প্রদান করা হয়। (১) Assiociate Member (মেম্বারশীপ ফি: ১,৫০,০০০ টাকা) এবং (২) Ordinary Member (মেম্বারশীপ ফি: ২,৫০,০০০ টাকা)। TTAB এর সদস্যপদ ছাড়া নিলাম থেকে সরাসরি চা ক্রয় করা যায় না। TTAB এর সদস্যপদ অর্জনের জন্য যোগাযোগের ঠিকানা: Progressive Tower (3rd Floor), 1837 Sheikh Mujib Road, Badamtoly, Agrabad, Chattogram, আলাপনী: +88031712452, ইমেইল: ttabctg@gmail.com, ওয়েবসাইট: info@ttabctg.com

০২. TPTAB, শ্রীমঙ্গাল এর মেম্বারশীপ ফি ১,০০০ টাকা। যোগাযোগের ঠিকানা: খান টাওয়ার (২য় তলা), মৌলভীবাজার রোড, শ্রীমঙ্গাল সদর, শ্রীমঙ্গাল।

প্রশ্ন-০৫। নিজস্ব ব্র্যান্ডে প্যাকেট করে চা বিক্রয় করতে হলে কোন লাইসেন্স গ্রহণ করতে হবে?

উত্তর: নিজস্ব ব্র্যান্ড/ পরিচিতি নাম ব্যবহার করে চা প্যাকেটজাত করে বাজারজাত/বিপণন করতে চাইলে চা বোর্ড থেকে ব্লেন্ডার লাইসেন্স গ্রহণ করতে হবে। এছাড়া বিএসটিআই এর লাইসেন্স গ্রহণ করতে হবে।

প্রশ্ন-০৬। চা বোর্ড হতে লাইসেন্স গ্রহণের প্রক্রিয়া কী ?

উত্তর: অনলাইনে আবেদন করতে সরাসরি tealicense.com.bd লিংকে প্রবেশ করতে হবে। অথবা বাংলাদেশ চা বোর্ড এর ওয়েবসাইটে (www.teaboard.gov.bd) প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবাসমূহ কলামের "অনলাইন চা লাইসেন্স আবেদন" অপশনে প্রবেশ করতে হবে।

- উপরে বর্ণিত লিংকে প্রবেশ করতে হবে।
- লাইসেন্স এর ধরণ নির্বাচন করতে হবে (খুচরা-পাইকারী/বিডার/ব্লেন্ডার/ব্রোকার)
- নতুন আবেদন/ নতুন নিবন্ধনের ক্ষেত্রে আবেদনের ধরণ 'নতুন নিবন্ধন' সিলেক্ট করতে হবে।
- ট্রেড লাইসেন্স অনুযায়ী সকল তথ্য উল্লেখ করে আবেদন করতে হবে।
- আবেদন বাংলায় করা বাধ্যতামূলক। শুধুমাত্র মোবাইল নাম্বার এবং ই-মেইল ইংরেজিতে উল্লেখ করতে হবে।
- একক মালিকানাধীন প্রতিষ্ঠান হলে ট্রেড লাইসেন্সে বর্ণিত সত্বাধিকারী কর্তৃক সকল তথ্য প্রদান করত: আবেদন করতে হবে। অংশীদারি কারবারের ক্ষেত্রে সকল অংশীদারদের নাম, ছবি ও স্বাক্ষর একত্রে সংযুক্ত করে আবেদন করতে হবে (ট্রেড লাইসেন্স এবং চুক্তিপত্র অনুযায়ী)। কোম্পানী/ লিমিটেড কোম্পানী/ কর্পোরেশন এর ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা/চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক আবেদন করবেন।

প্রশ্ন-০৭। অনলাইনে আবেদন করা হলে লাইসেন্স কিভাবে পাওয়া যাবে?

উত্তর: অনলাইনে যথাযথভাবে আবেদন সম্পন্ন হলে চা বোর্ডের চূড়ান্ত অনুমোদনের জন্য অপেক্ষা করতে হবে। চা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সটি চূড়ান্তভাবে অনুমোদিত হলে আবেদনে উল্লেখিত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে User id ও Password সহ একটি মেসেজ পাঠানো হবে। উক্ত ম্যাসেজ পাওয়ার পর পুনরায় tealicense.com.bd তে প্রবেশ করে প্রাপ্ত User id ও Password ব্যবহার করে লাইসেন্স ডাউনলোড করতে হবে।

প্রশ্ন-০৮। খুচরা-পাইকারী, বিডার, ব্লেন্ডার লাইসেন্স পেতে কি কি ডকুমেন্টস দাখিল করতে হয়?

খুচরা-পাইকারী লাইসেন্স	**বিডার লাইসেন্স**	**ব্লেন্ডার লাইসেন্স**
১) ট্রেড লাইসেন্স ২) আবেদনকারী প্রতিষ্ঠান কোম্পানি হলে সংশ্লিষ্ট কাগজপত্র ৩) আবেদনকারী প্রতিষ্ঠান অংশীদারি হলে সংশ্লিষ্ট কাগজপত্র	১) ট্রেড লাইসেন্স ২) আয়কর সনদ ৩) ভ্যাট সনদ ৪) ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ ৫) খুচরা-পাইকারী লাইসেন্স এর কপি	১) ট্রেড লাইসেন্স ২) আয়কর সনদ ৩) ভ্যাট সনদ ৪) ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ ৫) বিএসটিআই সনদ ৬) টি টেস্টার এর বায়োডাটা (একজন টি টেস্টার নিয়োগ করতে হবে) ৭) প্রস্তাবিত চা'য়ের প্যাকেটের ছবি ৮) চা কারখানা/গুদামের ছবি ৯) খুচরা-পাইকারী এবং বিডার লাইসেন্স এর কপি

প্রশ্ন-০৯: ব্রোকার লাইসেন্স পেতে কি কি ডকুমেন্টস প্রয়োজন হয়?

উত্তর:

১) ব্রোকারের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানকে অবশ্যই প্রাইভেট/প্রাইভেট লিমিটেড কোম্পানী হওয়া সম্পর্কিত কাগজপত্র
২) আবেদনকারী প্রতিষ্ঠানের অনুমোদিত মূলধন কমপক্ষে ০১ কোটি টাকা এবং পরিশোধিত মূলধন কমপক্ষে ১০% হওয়া সম্পর্কিত কাগজপত্র
৩) ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ
৪) ট্রেড লাইসেন্স
৫) আয়কর সনদ
৬) রেজিষ্ট্রার অব জয়েন স্টক কোম্পানি কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট অব ইনকর্পোরেশন
৭) মেমোরেন্ডাম অব আর্টিকেল অব এসোসিয়েশন
৮) পরিচালকদের পূর্ণ জীবন বৃত্তান্ত
৯) পরিচালকদের জাতীয়তার সনদ
১০) কর্মরত টি টেস্টারের জীবন বৃত্তান্ত
১১) নিলামকারী কর্মকর্তার জীবন বৃত্তান্ত
১২) প্রস্তাবিত অফিসের কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জীবন বৃত্তান্ত
১৩) প্রস্তাবিত অফিসের স্থানসহ টেলিফোন, ইমেইল, ফ্যাক্স, কম্পিউটার ও যানবাহনের সম্পূর্ণ বিবরণী
১৪) অফিস ভাড়ার ব্যাপারে বাড়ীওয়ালার সাথে চুক্তিপত্রে সত্যায়িত ফটোকপি
১৫) কমপক্ষে ১মিলিয়ন কেজি চা বিক্রয়ের জন্য পাওয়া যাবে বলে বাগান মালিকদের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র
১৬) নামে/বেনামে অন্য কোন প্রকার চা ব্যবসার সাথে জড়িত নাই মর্মে অঙ্গিকারনামা

প্রশ্ন-১০। প্রতিবছর কিভাবে লাইসেন্স নবায়ন করতে হয়?

উত্তর: অনলাইনে লাইসেন্স প্রাপ্ত হলে প্রতি বছর লাইসেন্স নবায়ন করতে মোবাইলে প্রাপ্ত User id ও Password দিয়ে Log in করে "নবায়ন অপশন" সিলেক্ট করতে হবে এবং নবায়ন ফি পরিশোধের তথ্য উল্লেখ করে আবেদন প্রেরণ করতে হবে। প্রতিবছর চা বোর্ড কর্তৃক লাইসেন্স নবায়নকৃত হলে মুঠোফোনে নতুন করে কোন ম্যাসেজ যাবে না। গ্রাহককে তার পুরানো User id ও Password দিয়ে Log in করে নবায়নকৃত লাইসেন্স Download করে নিতে হবে।

তবে, চা বোর্ড থেকে ইতো:পূর্বে বই আকারে লাইসেন্স গ্রহণ করে থাকলে অনলাইনে নতুন নবায়নকৃত লাইসেন্স পেতে 'পুরাতন নিবন্ধন' সিলেক্ট করতে হবে। এক্ষেত্রে পুরাতন লাইসেন্স বইয়ের প্রথম থেকে সর্বশেষ নবায়ন সাল পর্যন্ত সকল পৃষ্ঠা pdf Combined format-এ 'পুরাতন লাইসেন্স' ফোল্ডারে সংযুক্ত করতে হবে। গুগল থকে jpg2pdf.com থেকে pdf Combined করা যায়।

প্রশ্ন-১১। লাইসেন্স রেজিষ্ট্রেশন ফি, নবায়ন ফি এবং জরিমানা কত?

<table>
<tr><td>চা ব্যবসায়ের ধরণ</td><td>লাইসেন্স রেজিষ্ট্রেশন ফি</td><td>লাইসেন্স নবায়ন ফি</td><td>নবায়ন করা না হলে প্রতি বছরের জন্য বিলম্ব ফি / জরিমানা</td><td rowspan="5">প্রতি বছর ৩০ জুনের মধ্যে লাইসেন্স নবায়ন করতে হবে। উক্ত সময়ের পর বিলম্ব ফি প্রযোজ্য হবে।</td></tr>
<tr><td>খুচরা-পাইকারী</td><td>২,৫০০/- টাকা</td><td>১,০০০/- টাকা</td><td>২৫০/- টাকা</td></tr>
<tr><td>বিডার</td><td>১০,০০০/- টাকা</td><td>৫,০০০/- টাকা</td><td>৫০০/- টাকা</td></tr>
<tr><td>ব্লেন্ডার</td><td>২০,০০০/- টাকা</td><td>১০,০০০/- টাকা</td><td>১,০০০/- টাকা</td></tr>
<tr><td>ব্রোকার</td><td>২৫,০০০/- টাকা</td><td>১২,৫০০/- টাকা</td><td>২,৫০০/- টাকা</td></tr>
</table>

** পরপর ৩ বছর লাইসেন্স নবায়ন না করলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

প্রশ্ন-১২। অনলাইনে আবেদনের ক্ষেত্রে কিভাবে ও কোন কোন মাধ্যমে ফি পরিশোধ করা যায়?

লাইসেন্স ফি পরিশোধের মাধ্যমসমূহ:

১। **বাংলাদেশ কৃষি ব্যাংক** হিসাবের নামঃ বাংলাদেশ চা বোর্ড হিসাব নম্বরঃ ২৯০৫-০৩২০০০০২৯১ (এসটিডি-২৯) চা বোর্ড শাখা, চট্টগ্রাম।	২। **বিক্যাশ (ম্যানুয়াল)** *247# - Payment— 01847165888 - License Fee— Reference (প্রতিষ্ঠানের নাম) - Counter no (1) - Pin - send (এ্যাপস থেকে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধ করা যাবে।) (বি:দ্র: উল্লেখিত 01847165888 নম্বরটি মার্চেন্ট নম্বর)	৩। **রকেট (ম্যানুয়াল)** *322# - Bill Pay- self (আপনার রকেট একাউন্ট থেকে পরিশোধ করতে)- other - Biller id (2442) - Bill no (2442) - License Fee- Pin – send. (বি:দ্র: Reference চাইলে প্রতিষ্ঠানের নাম উল্লেখ করবেন। উল্লেখিত 01847165888 নম্বরটি মার্চেন্ট নম্বর)	**বিঃদ্রঃ** এছাড়াও ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে ফি পরিশোধ করা যায়। ব্যাংকে ফি পরিশোধ করলে টাকা জমার চালান/ স্লিপ এর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। মোবাইল ব্যাংকিং (বিক্যাশ, রকেট ইত্যাদি) এর মাধ্যমে ফি পরিশোধ করলে ট্রানজেকশন আইডি (TrxID), তারিখ, যে নম্বর থেকে টাকা প্রেরণ করা হয়েছে বিস্তারিত উল্লেখ করতে হবে। এক্ষেত্রে মনে রাখতে হবে কোনো মোবাইল নম্বর ট্রানজেকশন আইডি নয়।
**** সার্ভার ত্রুটি / অন্য কোন কারণে আবেদন অসম্পূর্ণ হলে পুনরায় আবেদন করতে পেমেন্ট তথ্য অবশ্যই সংরক্ষণে রাখতে হবে।**			

প্রশ্ন-১৩। কোম্পানি/লিমিটেড কোম্পানি/ কর্পোরেশন গঠন করলে কি কি ডকুমেন্টস দাখিল করতে হয়?

উত্তর: প্রতিষ্ঠানের ধরণ কোম্পানি/ কর্পোরেশন/ লিমিটেড কোম্পানী হলে ট্রেড লাইসেন্স এর পাশাপাশি Company Memorandum (ফরম-১২ সহ) এবং Registrar of Joint stock Companies & Firms (RJSC) থেকে Certificate of Incorporation সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে। সকল পৃষ্ঠা pdf Combined format-এ সংযুক্ত করে সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে। কোম্পানী/ লিমিটেড কোম্পানী/ কর্পোরেশন এর ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা/চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক আবেদন করতে হবে।

প্রশ্ন-১৪। প্রতিষ্ঠানের মালিকানা একাধিক হলে অর্থাৎ অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে কি ধরণের ডকুমেন্টস প্রয়োজন?

উত্তর: অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স এর পাশাপাশি "অংশীদারি চুক্তিপত্র" (২,০০০/- টাকার স্ট্যাম্পে নোটারীকৃত) এবং Registrar of Joint stock Companies & Firms (RJSC) থেকে Certificate of Restration of Firms সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে। এক্ষেত্রে সকল পৃষ্ঠা pdf Combined format-এ সংযুক্ত করে সংশ্লিষ্ট ফোল্ডারে আপলোড করতে হবে। অংশীদারি কারবারের ক্ষেত্রে সকল অংশীদারদের নাম, ছবি ও স্বাক্ষর একত্রে সংযুক্ত করে আবেদন করতে হবে (ট্রেড লাইসেন্স এবং চুক্তিপত্র অনুযায়ী)।

প্রশ্ন-১৫। চা ব্যবসায়ের অনুকূলে কোন ধরণের ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে?

উত্তর: আবেদনকারী প্রতিষ্ঠানের জন্য চা ব্যবসায়ের অনুকূলে ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক। ইতোপূর্বে চা বোর্ডে নিবন্ধিত একই প্রতিষ্ঠানের নামে পুনরায় অন্য লাইসেন্স গ্রহণের সুযোগ নাই। এছাড়াও ট্রেড লাইসেন্সে **ব্যবসায়ের ধরণ** চা ব্যবসায়ের অনুকূলে হতে হবে (যেমন: চা ব্যবসা/ চা পাতা খুচরা ও পাইকারী/ কৃষিপণ্য উৎপাদন ও বিপণন/ ভোগ্যপণ্য উৎপাদন ও সরবরাহকারী/ সরবরাহকারী/ পরিবেশক/ পণ্য পরিবেশক/ প্যাকেজিং ইত্যাদি)।

প্রশ্ন-১৬। প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তনের জন্য কোন প্রক্রিয়া অবলম্বন করতে হবে?

উত্তর: চা বোর্ডের অনুমতি ব্যতিত মালিকানা হস্তান্তর করা যাবে না। প্রতিষ্ঠানের মালিকানা হস্থান্তর করতে চাইলে পুরাতন মালিকের ওয়ারিশ সনদ এবং পরিবারের অন্যান্য সদস্যদের অনাপত্তি প্রদান করত: ১ম শ্রেণীর নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক মালিকানা হস্তান্তরের এফিডেভিট কপিসহ (৩০০ টাকার স্ট্যাম্পে) আবেদন করতে হবে।

চা বোর্ডে নিবন্ধিত প্রতিষ্ঠানের সত্বাধিকারীর মৃত্যুবরণ জনিত কারণে মালিকানা হস্থান্তর করতে চাইলে প্রয়াত ব্যক্তির স্বামী/ স্ত্রী /স্বামী অথবা স্ত্রী দু'জনই প্রয়াত হলে পরিবারের জৈষ্ঠ্য সন্তান'কে পৃথকভাবে আবেদন করতে হবে। আবেদনের সাথে মৃত্যু সনদ, ওয়ারিশ সনদ এবং পরিবারের অন্যান্য সদস্যদের অনাপত্তি প্রদান করত: ১ম শ্রেণীর নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক নতুন মালিকের নামে মালিকানা হস্তান্তরের এফিডেভিট কপি এবং লাইসেন্স সংশ্লিষ্ট সকল হালনাগাদকৃত ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

ইতোমধ্যে নিবন্ধিত কোম্পানী/ লিমিটেড কোম্পানী/ কর্পোরেশন এর প্রধান নির্বাহী কর্মকর্তা/চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক (যার নামে প্রতিষ্ঠানের লাইসেন্স নিবন্ধিত) পরিবর্তন হলে কোম্পানীর Board of Director এর Resulation এবং সংশোধিত Memorandum (Form-12 সহ), ট্রেড লাইসেন্স ও সংশ্লিষ্ট সকল হালনাগাদকৃত ডকুমেন্টস দাখিল করে চা বোর্ডে আবেদন করতে হবে।

প্রশ্ন-১৭। মোবাইলে প্রাপ্ত User ID ও Passward হারিয়ে গেলে কি করতে হবে?

উত্তর: লাইসেন্স ডাউনলোড এবং প্রতি বছর লাইসেন্স নবায়নের জন্য User id ও Passward সংরক্ষণ করা বাধ্যতামূলক। User id ও Passward হারিয়ে গেলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চা বোর্ডে লিখিত আবেদন করতে হবে।

প্রশ্ন-১৮। লাইসেন্স গ্রহণ না করে চা ব্যবসা করলে সমস্যা কী?

চা আইন ২০১৬ এর ৭(ড) এবং ২৪ নং ধারা অনুযায়ী চা এর ব্যবসার ক্ষেত্রে লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। আইন অমান্য করা হলে চা আইন ২০১৬ এর ২৯ নং ধারায় ৫০ হাজার থেকে ৫লক্ষ টাকা পর্যন্ত অর্থদন্ড অথবা ৬মাস থেকে ২ বছর পর্যন্ত কারাদন্ড বা উভয় দন্ডের বিধান রয়েছে।

বি:দ্র: বাংলাদেশ চা বোর্ড কর্তৃক অনুমোদিত চা ব্যবসায়ী (চা পাইকার, বিডার, ব্লেন্ডার) ব্যাতিত অন্য কোথাও হতে চা ক্রয় করা যাবে না। চা পাতার সাথে কোন ধরনের ক্ষতিকারক রঙ বা পদার্থ মেশানো যাবে না। কোন দেশ বা এমন স্থানের নামে চা এর লাইসেন্স প্রদান করা হবে না যাতে চায়ের অরিজিন সম্পর্কে জনমনে বিভ্রান্তি সৃষ্টি হয়। প্রতিষ্ঠানের নামের সাথে বাংলাদেশ/ বিডি থাকলে আবেদন করা যাবে না। লাইসেন্স এর কোন শর্ত ভঙ্গ করলে বাংলাদেশ চা বোর্ড যে কোন মুহূর্তে লাইসেন্স বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

ধন্যবাদান্তে-

বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামি রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ইমেইল: aab.btb89@gmail.com